

১. বাংলা গদ্যের জনক কে?  
 (ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়  
 (গ) উইলিয়াম কেরী (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর
- ব্যাখ্যা: বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। তাঁর পৈতৃক পদবী বন্দ্যোপাধ্যায়, তিনি ঈশ্বরচন্দ্র শর্মা নামে স্বাক্ষর করতেন। তিনি 'বিদ্যাসাগর' উপাধি পান সংস্কৃত কলেজ থেকে। তিনি বাংলা গদ্য সৃষ্টির প্রাথমিক পর্যায়ে শৃঙ্খলা, পরিমিতিবোধ, যতি-চিহ্নের প্রয়োগ প্রভৃতি ক্ষেত্রে অত্যন্ত দক্ষতা দেখিয়েছেন।
২. 'আনন্দমঠ' উপন্যাসের লেখক কে?  
 (ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়  
 (গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (ঘ) আনন্দমোহন বাগচী
- ব্যাখ্যা: 'আনন্দমঠ' উপন্যাসের লেখক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। ছিয়াত্তরের মন্বন্তরের কালে বাংলা ১১৭৬ বাঙালি জীবনের বিপর্যয় এবং উত্তরবঙ্গের সন্ন্যাসী বিদ্রোহ 'আনন্দমঠ' উপন্যাসের প্রধান উপজীব্য। এ উপন্যাসে বঙ্কিম তাঁর 'বন্দে মাতরম' সঙ্গীতটি সংযোজন করেন।
৩. 'বিদ্রোহী' কবিতা কোন কাব্যের অন্তর্গত?  
 (ক) দোলনচাঁপা (খ) বিশ্বের বাঁশী  
 (গ) সাম্যবাদী (ঘ) অগ্নিবীণা
- ব্যাখ্যা: 'বিদ্রোহী' কাজী নজরুল ইসলামের একটি বহুল পঠিত কবিতা। এটি ১৯২২ সালের ৬ জানুয়ারি 'বিজলী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। এ কবিতা রচনার জন্যই তিনি 'বিদ্রোহী কবি' উপাধিতে ভূষিত হন। 'বিদ্রোহী' কবিতা 'অগ্নিবীণা'র তৃতীয়। প্রথম কবিতা প্রলয়োল্লাস।
৪. তাড়ুলখানা গ্রামে জন্মেছিলেন কোন কবি?  
 (ক) জসীমউদ্দীন (খ) ফররুখ আহমদ  
 (গ) আবুল হাসান (ঘ) শহীদ কাদরী
- ব্যাখ্যা: জসীমউদ্দীন তাড়ুলখানা (১৯০৩), ফররুখ আহমদ মাঝআইল (১৯১৮), আবুল হাসান বর্নি (১৯৪৭) গ্রামে জন্মগ্রহণ করেন।
৫. 'ছিন্নপত্র'র অধিকাংশ পত্র কাকে উদ্দেশ্য করে লেখা?  
 (ক) ইন্দিরা দেবী (খ) কাদম্বরী দেবী  
 (গ) মুগালিনী দেবী (ঘ) মৈত্রেয়ী দেবী
- ব্যাখ্যা: 'ছিন্নপত্র' (১৯১২) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি শ্রেষ্ঠ পত্র-সাহিত্য। রবীন্দ্রনাথ 'ছিন্নপত্র'র প্রথম আটটি পত্র শ্রীশচন্দ্র মজুমদারকে এবং বাকি ১৪৫টি পত্র শ্রীমতি ইন্দিরা দেবীকে লিখেছিলেন। এই পত্রগুলো তিনি ১৮৮৭ থেকে ১৮৯৫ সালের মধ্যবর্তী সময়ে লিখেছিলেন। ছিন্নপত্রের পত্র সংখ্যা মোট ১৫৩ টি।
৬. মাইকেল মধুসূদন দত্তের 'বীরাসনা কাব্য' কোন ধরনের কাব্য?  
 (ক) মহাকাব্য (খ) সনেট  
 (গ) পত্রকাব্য (ঘ) গীতিকাব্য
- ব্যাখ্যা: 'বীরাসনা কাব্য' (১৮৬২) একটি পত্রকাব্য। এটি মধুসূদনের অমিত্রাক্ষর ছন্দের সর্বোত্তম নিদর্শন। ইটালীয় কবি ওভিডের 'Heroides' কাব্যের আদর্শনুসারে এগারটি পূর্বপত্র কাব্যটি রচিত। মধুসূদন এ কাব্যটি কবি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে উৎসর্গ করেন।
৭. আলাওলের 'তোহফা' কোন ধরনের কাব্য?  
 (ক) আত্মজীবনী (খ) প্রণয়কাব্য  
 (গ) নীতিকাব্য (ঘ) জপনামা
- ব্যাখ্যা: বাংলা সাহিত্যের মধ্যযুগে আবির্ভূত মুসলমান কবিদের মধ্যে কবি আলাওলের নাম বিশেষভাবে স্মরণীয়। 'তোহফা' আলাওলের একটি ইসলাম ধর্ম সম্বন্ধীয় তত্ত্ব-উপদেশপূর্ণ গ্রন্থ। ধর্মীয় তত্ত্বমূলক ও নৈতিক উপদেশাত্মক হওয়ায় এটি একটি 'নীতিকাব্য'। এ গ্রন্থটি

- শ্রীমন্ত সোলেমানের নির্দেশে রচিত হয়। এই কাব্য বিখ্যাত সুফী সাধক শেখ ইউসুফ দেহলভীর 'তোহফাতুল নেসায়েহ' নামক ফারসি গ্রন্থের অনুবাদ।
৮. 'উজ্জ্বল' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?  
 (ক) ফার্সি (খ) তুর্কি  
 (গ) পর্তুগিজ (ঘ) আরবি
৯. সমাসবদ্ধ শব্দ 'আনত' কোন সমাসের উদাহরণ?  
 (ক) বহুব্রীহি (খ) কর্মধারয়  
 (গ) সুপসুপা (ঘ) অব্যয়ীভাব
- ব্যাখ্যা: 'আনত' শব্দটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ। এর ব্যাসবাক্য হবে 'ঈশ্বৎ গত'।
১০. অশোক সৈয়দ কার ছদ্মনাম?  
 (ক) আবদুল মান্নান সৈয়দ (খ) সৈয়দ আজিজুল হক  
 (গ) আবু সয়ীদ আইয়ুব (ঘ) সৈয়দ শামসুল হক
- ব্যাখ্যা: 'অশোক সৈয়দ' প্রখ্যাত কবি ও সমালোচক আবদুল মান্নান সৈয়দ এর ছদ্মনাম। তিনি 'পরবাস্তব কবি' হিসেবেও খ্যাত। তাঁর উল্লেখযোগ্য কয়েকটি কাব্যগ্রন্থ হচ্ছে জন্মান্ত কবিতাওচ্ছ, জ্যোৎস্না রৌদ্রের চিকিৎসা, মাছ সিরিজ, সকল প্রশংসা তাঁর, কবিতা কোম্পানী প্রাইভেট লিমিটেড ইত্যাদি।
১১. সন্ধি-সাধিত শব্দ 'পরম্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?  
 (ক) ব্যঞ্জন ধ্বনি (খ) স্বরধ্বনি  
 (গ) নিপাতনে সিদ্ধ (ঘ) বিসর্গ সন্ধি
১২. 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?  
 (ক) পৃথী (খ) নীর  
 (গ) ক্ষিতি (ঘ) অবনী
- ব্যাখ্যা: নীর শব্দের সমার্থক শব্দ হচ্ছে পানি, জল বারি ইত্যাদি।
১৩. 'পরাগলী মহাভারত' খ্যাত গ্রন্থের অনুবাদকের নাম কী?  
 (ক) সঞ্চয় (খ) কবীন্দ্র পরমেশ্বর  
 (গ) শ্রীকর নন্দী (ঘ) কাশীরাম দাস
- ব্যাখ্যা: 'পরাগলী মজা রচনা করেছিলেন বলে কাব্যটি পরাগলী মহাভারত নামে খ্যাত।
১৪. 'বটতলার উপন্যাস' গ্রন্থের লেখকের নাম কী?  
 (ক) দিলারা হাশেম (খ) রাজিয়া খান  
 (গ) রিজিয়া রহমান (ঘ) সেলিনা হোসেন
- ব্যাখ্যা: 'বটতলার উপন্যাস' প্রখ্যাত ঔপন্যাসিক রাজিয়া খানের লেখা। এ উপন্যাসে মঈন নামক কেন্দ্রীয় চরিত্রের আত্মকথনের মধ্য দিয়ে '৪৭-এ দেশবিভাগের পরবর্তী সময়ের এই উপমহাদেশের সমাজ, সময় ও রাষ্ট্রের জটিল ও ধন্দুময় ঘাত-সংঘাত তুলে ধরা হয়েছে। এটি একটি সার্থক ট্রাজিক উপন্যাস। রাজিয়া খানের উল্লেখযোগ্য কয়েকটি উপন্যাস অনুকল্প, হে মহাজীবন, দ্রৌপদী ইত্যাদি।
১৫. Quarterly শব্দের অর্থ কী?  
 (ক) সাপ্তাহিক (খ) পাক্ষিক  
 (গ) ষান্মাসিক (ঘ) ত্রৈমাসিক
১৬. নিচের কোন বানানটি শুদ্ধ?  
 (ক) নিশিধিনী (খ) নিশীধিনি  
 (গ) নিশিধিনি (ঘ) নিশীধিনী
১৭. শিথলী শব্দের অর্থ কী?  
 (ক) কবুতর (খ) কোকিল  
 (গ) খরগোশ (ঘ) ময়ূর